FINANCIAL REPORTING COUNCIL
FRC
BANGLADESH


**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
পর্যটন ভবন (৯ম তলা), প্লট নং-ই-৫, সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭


# "নিয়োগ বিজ্ঞপ্তি"

নং- ৩৪৩/এফআরসি/নিয়োগ/২০২৫/০৭

তারিখঃ ৩০.১২.২০২৫

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের বিভিন্ন শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত পদসমূহের জন্য যোগ্য প্রার্থীদেরকে অনলাইনে পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে (**https://frc.teletalk.com.bd** ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (**Online**) ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না:

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | প্রোগ্রামার<br>গ্রেড-৬ | ০১<br>(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বছর মেয়াদি স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো সরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত /সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সিনিয়র কম্পিউটার অপারেটর/ সহকারী প্রোগ্রামার/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী হিসাবে অন্যূন ০৪ (চার) বছরের চাকুরী। |
| ২. | সহকারী পরিচালক<br>গ্রেড-৯ | ১০<br>(দশ) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ফিন্যান্স, অর্থনীতি, ব্যাংকিং, ম্যানেজমেন্ট, পরিসংখ্যান বা আইন বিষয়ে অন্যূন প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) উল্লিখিত বিষয়সমূহে ০৪ (চার) বছর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) সমমানের ডিগ্রি; অথবা<br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রিসহ হিসাব বিজ্ঞানে পেশাদার (চার্টার্ড একাউন্ট্যান্ট বা কস্ট এ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট) ডিগ্রিধারী।<br>তবে শর্ত থাকে যে, প্রয়োগকারী বিভাগের সহকারী পরিচালক পদে নিয়োগের জন্য আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। |
| ৩. | মানদন্ড নির্ধারণী কর্মকর্তা<br>গ্রেড-৯ | ০২<br>(দুই) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদি হিসাব বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ফিন্যান্স, অর্থনীতি, ব্যাংকিং বা ম্যানেজমেন্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) সহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উল্লিখিত বিষয়সমূহে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ হিসাব বিজ্ঞানে পেশাদার (চার্টার্ড একাউন্ট্যান্ট বা কস্ট এ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট) ডিগ্রিধারী। |
| ৪. | মনিটরিং কর্মকর্তা<br>গ্রেড-৯ | ৪ (চার) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদি হিসাব বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ফিন্যান্স, অর্থনীতি, ব্যাংকিং, ম্যানেজমেন্ট বা আইন বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উল্লিখিত বিষয়সমূহে স্নাতক (সম্মান) সহ হিসাব বিজ্ঞানে পেশাদার (চার্টার্ড একাউন্ট্যান্ট বা কস্ট এ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট) ডিগ্রিধারী। |
| ৫. | নিরীক্ষা চর্চা কর্মকর্তা<br>গ্রেড-৯ | ৮ (আট) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদি হিসাব বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ফিন্যান্স, অর্থনীতি, ব্যাংকিং বা ম্যানেজমেন্ট বিষয়ে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উল্লিখিত বিষয়সমূহে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ হিসাব বিজ্ঞানে পেশাদার (চার্টার্ড একাউন্ট্যান্ট বা কস্ট এ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট) ডিগ্রিধারী। |
| ক্রমিক নং ২, ৩, ৪ এবং ৫ পদসমূহের জন্য (১) শিক্ষা জীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ এবং বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না; এবং (২) কোনো স্বীকৃত ইন্সটিটিউট হতে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজসহ কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। | | | |
| ৬. | সহকারী প্রোগ্রামার<br>গ্রেড-৯ | ০১<br>(এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ৭. | সহকারী মেইনটেইনেন্স ইঞ্জিনিয়ার গ্রেড-৯ | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এ্যান্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এ্যাউন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ৮. | হিসাব রক্ষণ কর্মকর্তা গ্রেড-১০ | ০১ (এক) | (ক)কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বা ব্যবসায় প্রশাসন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার) বছর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত ইন্সটিটিউট হতে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজসহ কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ৯. | ব্যক্তিগত সহকারী কাম- কম্পিউটার অপারেটর গ্রেড-১৪ | ০৫(পাঁচ) | (ক)কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কোনো স্বীকৃত ইন্সটিটিউট হতে কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত অথবা<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার মুদ্রাক্ষরিক বা সংশ্লিষ্ট পদে বা কম্পিউটার অপারেটর হিসাবে অন্যূন ৪ (চার) বছরের অভিজ্ঞতা। |
| ১০. | হিসাব রক্ষক গ্রেড-১৪ | ০১ (এক) | (ক)কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বা ব্যবসায় প্রশাসন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ সহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত ইন্সটিটিউট হতে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজসহ কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>(গ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ এবং বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ১১. | হিসাব সহকারী গ্রেড-১৪ | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান, ব্যবসায় প্রশাসন, ফিন্যান্স, অর্থনীতি, ব্যাংকিং, ম্যানেজমেন্ট, পরিসংখ্যান বা সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত ইন্সটিটিউট হতে কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(গ) শিক্ষাজীবনের কোনো স্তরে তৃতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ এবং বিভাগ বা সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না। |
| ১২. | স্টোর কিপার গ্রেড-১৬ | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) স্টোর কিপার হিসাবে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা এবং কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ১৩. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর গ্রেড-১৬ | ০১ (এক) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ১৪. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক গ্রেড-১৬ | ১০ (দশ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কোনো স্বীকৃত ইন্সটিটিউট হতে এমএস অফিস, ইউনিকোড ও বেসিক ডাটাবেজসহ কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত। |
| ১৫. | অফিস সহায়ক গ্রেড-২০ | ১০ (দশ) | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১.ক) ০১.১২.২০২৫ তারিখে প্রার্থীর বয়স হতে হবে ১৮ (আঠারো) থেকে ৩২ (বত্রিশ) বৎসর (ক্রমিক নং ০২–১৫ পদের ক্ষেত্রে প্রযোজ্য)। তবে প্রোগ্রামার পদের জন্য বয়সসীমা সর্বোচ্চ ৩৫ (পঁয়ত্রিশ) বৎসর।

খ) পূর্বে আবেদনকৃত প্রার্থীগণ প্রত্যেকে (স্মারক নং ২৬৬/এফআরসি/নিয়োগ/২০২৩/০২, তারিখ: ৩১.১০.২০২৩) এ নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় যোগ্য প্রার্থী হিসেবে বিবেচিত হবেন। তবে আগ্রহী প্রার্থীদেরকে নির্ধারিত নির্দেশনা অনুসরণপূর্বক **https://frc.teletalk.com.bd** ওয়েবসাইটের মাধ্যমে পুনরায় অনলাইনে আবেদন করতে হবে।

- ✓ Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ০৬.০১.২০২৬, সময় সকাল ১০.০০ ঘটিকা ।
- ✓ Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ২৬.০১.২০২৬, সময় বিকাল ৫.০০ ঘটিকা । উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন ।
- ✓ পূর্বের আবেদনকারীগণ প্রত্যেকে আবেদন ফি ছাড়াই আবেদন করতে পারবেন তবে সার্ভিস চার্জ প্রযোজ্য হবে ।

০২. সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

০৩. প্রার্থীর যোগ্যতা যাচাই:

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক-'ক' হতে 'জ' পর্যন্ত) কাগজপত্রের মুলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার সনদ।

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/প্রশাসক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(গ) সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

(ঘ) কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত সনদ/প্রমাণক।

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদ।

(চ) অনলাইনে পূরণকৃত নতুন ও প্রযোজ্য ক্ষেত্রে পুরাতন উভয় আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও প্রবেশ পত্র (Admit Card) ।

(ছ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/ বীরাঙ্গানার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ প্রশাসক/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র । ।

(জ) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ ।

০৪. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর ওয়েবসাইটে (https://frc.gov.bd/) এবং প্রার্থীর ব্যক্তিগত মুঠোফোনে SMS এর মাধ্যমে জানানো হবে।

০৫. ব্যক্তিগত সহকারী কাম- কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের ক্ষেত্রে কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা ব্যবহারিক পরীক্ষায় (কম্পিউটার মুদ্রাক্ষর ) এবং ব্যবহারিক পরীক্ষায় (কম্পিউটার মুদ্রাক্ষর ) উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। ব্যক্তিগত সহকারী কাম- কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

০৬. ০১-০৮ ক্রমিকের জন্য পরীক্ষার ফি ২০০/- (দুইশত টাকা) ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- টাকাসহ মোট /- (দুইশত তেইশ) টাকা, ৯-১৪ ক্রমিকের জন্য পরীক্ষার ফি ১০০/- (একশত টাকা) ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা, ১৫ ক্রমিকের জন্য পরীক্ষার ফি ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/- টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণের পরীক্ষার ফি ৫০ টাকা, টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬ টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা প্রযোজ্য হবে। Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন (বিস্তারিত অন-লাইন ফরমে পাওয়া যাবে)।

০৭. নতুন এবং পূর্ববর্তী কোনো প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।

০৮. যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে । আবেদন ও নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. অন-লাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী ও বিস্তারিত ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর ওয়েবসাইট (https://frc.gov.bd/) এবং QR code স্ক্যান এর মাধ্যমে https://frc.teletalk.com.bd ওয়েবসাইটে ও অর্থ বিভাগের ওয়েবসাইটে (https://mof.gov.bd) পাওয়া যাবে।

১০. নিয়োগের ক্ষেত্রে ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩ অনুসরণ করা হবে ।

১১. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **https://frc.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদনফরম পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- ✓ Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ০৬.০১.২০২৬, সময় সকাল ১০.০০ ঘটিকা ।
- ✓ Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ২৬.০১.২০২৬, সময় বিকাল ৫.০০ ঘটিকা । উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন ।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সুতরাং Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের সঠিকতার বিষয়ে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এককপি জমা দিবেন।

ঙ. অনলাইনে আবেদনপত্র পূরণ SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান সংক্রান্ত নির্দেশনা:

Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে **অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক গত ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিম্নবর্ণিত ছক মোতাবেক "পরীক্ষার ফি"** অনলাইনে আবেদন submit-এর পর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রার্থীকে অনলাইনে আবেদনপত্র সঠিকভাবে পূরণ করতে হবে। আবেদনপত্র পূরণের সময় নির্দেশনা অনুযায়ী সদ্য তোলা রঙিন ছবি ও স্বাক্ষর আপলোড করতে হবে। এরপর আবেদন **সাবমিট** করলে, **ডিভাইসের স্ক্রিনে** ছবিসহ একটি **অ্যাপ্লিকেশন প্রিভিউ (Application Preview)** দেখা যাবে।

**Applicant's Copy যাচাই ও সংরক্ষণ:** সফলভাবে আবেদন সাবমিট করার পর, প্রার্থী একটি **User ID**, ছবি ও স্বাক্ষরসহ একটি **Applicant's Copy** পাবেন। এই কপিতে যদি কোনো ভুল তথ্য থাকে, কিংবা ছবি অস্পষ্ট (যেমন: সম্পূর্ণ কালো/সাদা বা ঝাপসা) বা স্বাক্ষর স্পষ্ট না হয়, তবে আবেদনকারীর পুনরায় আবেদন করার সুযোগ থাকবে। তবে, **আবেদন ফি জমা দেওয়ার পর আর কোনো তথ্য সংশোধন, পরিমার্জন বা পরিবর্তন করা যাবে না।** তাই ফি জমা দেওয়ার আগে অবশ্যই Applicant's Copy যাচাই করে নিতে হবে। তথ্য সঠিক থাকলে PDF কপি ডাউনলোড করে রঙিন প্রিন্ট আকারে সংরক্ষণ করতে হবে।

**পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি:** Applicant's Copy-তে পাওয়া **User ID** ব্যবহার করে, যে কোনো **Teletalk প্রি-পেইড মোবাইল নম্বর** থেকে নির্ধারিত পদ্ধতিতে **২টি** SMS পাঠিয়ে পরীক্ষার ফি পরিশোধ করতে হবে। আবেদন সাবমিট করার পর অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত ছক অনুযায়ী **"আবেদন / পরীক্ষার ফি ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ)" এর হার নিম্নরূপ -**

| ক্রমিক নং | পদের গ্রেড | নতুন আবেদনকারীর ক্ষেত্রে আবেদন ফি ও টেলিটক সার্ভিস চার্জ প্রদান সংক্রান্ত নির্দেশিকা | পূর্ববর্তী আবেদনকারীদের ক্ষেত্রে আবেদন ফি ও টেলিটক সার্ভিস চার্জের নির্দেশিকা |
|---|---|---|---|
| | | নতুন করে আবেদন করার ক্ষেত্রে গ্রেড ভিত্তিক আবেদন/পরীক্ষার ফি প্রদান করতে হবে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য) প্রযোজ্য হবে। | নতুন করে আবেদন করার ক্ষেত্রে পূর্ববর্তী আবেদনকারীদের কোনো আবেদন/পরীক্ষার ফি প্রদান করতে হবে না। তবে **শুধুমাত্র টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ অফেরতযোগ্য)** প্রযোজ্য হবে। |
| ০১-০৮ | ৯ম গ্রেড ও তদূর্ধ্ব / ১০ম গ্রেড | আবেদন / পরীক্ষার ফি ২০০ টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩ টাকা প্রযোজ্য হবে। অর্থাৎ ২০০+২৩ = ২২৩/- টাকা। | নতুন করে আবেদন করার ক্ষেত্রে পূর্ববর্তী আবেদনকারীদের কোনো আবেদন/পরীক্ষার ফি প্রদান করতে হবে না। তবে **শুধুমাত্র টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকা (ভ্যাটসহ অফেরতযোগ্য)** প্রযোজ্য হবে। |
| ০৯-১৪ | ১৪-১৬ তম গ্রেড | আবেদন / পরীক্ষার ফি ১০০ টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২ টাকা প্রযোজ্য হবে। অর্থাৎ ১০০+১২ = ১১২/- টাকা। | নতুন করে আবেদন করার ক্ষেত্রে পূর্ববর্তী আবেদনকারীদের কোনো আবেদন/পরীক্ষার ফি প্রদান করতে হবে না। তবে শুধুমাত্র টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা (ভ্যাটসহ অফেরতযোগ্য) প্রযোজ্য হবে। |
| ১৫ | ২০ তম গ্রেড | আবেদন / পরীক্ষার ফি ৫০ টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬ টাকা প্রযোজ্য হবে। অর্থাৎ ৫০+৬ = ৫৬/- টাকা। | নতুন করে আবেদন করার ক্ষেত্রে পূর্ববর্তী আবেদনকারীদের কোনো আবেদন/পরীক্ষার ফি প্রদান করতে হবে না। তবে শুধুমাত্র টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- টাকা (ভ্যাটসহ অফেরতযোগ্য) প্রযোজ্য হবে। |
| ০১-১৫ | সকল গ্রেড এর অনগ্রসর নাগরিক : | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ আবেদন / পরীক্ষার ফি ৫০ টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬ টাকা প্রযোজ্য হবে। অর্থাৎ ৫০+৬ = ৫৬/- টাকা। | নতুন করে আবেদন করার ক্ষেত্রে পূর্ববর্তী আবেদনকারীদের (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগন) কোনো আবেদন/পরীক্ষার ফি প্রদান করতে হবে না। তবে শুধুমাত্র টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-টাকা (ভ্যাটসহ অফেরতযোগ্য) প্রযোজ্য হবে। |

SMS প্রেরণের নিয়মাবলী:

**নতুন আবেদনকারীর ক্ষেত্রে আবেদন ফি ও টেলিটক সার্ভিস চার্জ প্রদান সংক্রান্ত** - ০২ (দুই)টি SMS এর মাধ্যমে ০১-০৮ ক্রমিকের জন্য আবেদন / পরীক্ষার ফি ২০০(দুইশত) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩ টাকা মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা, ০৯-১৪ ক্রমিকের জন্য পরীক্ষার ফি ১০০/- (একশত টাকা) ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ(ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকা এবং ১৫ ক্রমিকের জন্য পরীক্ষার ফি ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk-এর সার্ভিস চার্জ বাবদ(ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬(ছয়) টাকাসহ মোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ

অফেরতযোগ্য) ৬/- (ছয়) টাকাসহ সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

**প্রথম SMS : FRC<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে ।**

Example: **FRC ABCDEF**

- Reply for (New Applicant): Applicant's Name, Tk. 223, 112 or 56 taka will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type FRC<space>Yes<space>PIN and send to 16222.

অথবা,

- Reply for (2023 existing Applicant): Applicant's Name, Tk. 23, 12 or 6 taka will be charged as service charge. Your PIN is xxxxxxxxxx. To pay Type FRC<space>Yes<space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS : FRC<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে ।**

Example: FRC Yes xxxxxxxxxx

**Reply:** Congratulations, Applicant's Name, payment completed successfully for FRC Application for post xxxxxxxxxx. User ID is (ABCDEF) and Password is (xxxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://frc.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের ওয়েবসাইটে https://frc.gov.bd/ এবং প্রার্থীর মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে । Online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তিতে রোল নং, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোডপূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন প্রিন্ট) নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন ।

জ. শুধুমাত্র Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন ।

i. User ID জানা থাকলে: FRC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
**Example:** FRC Help User ABCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে: FRC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222
**Example:** FRC Help PIN 12345678 & send to 16222.

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের ওয়েবসাইট https://frc.gov.bd/, অর্থ বিভাগের ওয়েবসাইটে https://mof.gov.bd এবং https://frc.teletalk.com.bd অথবা QR code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচী ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের ওয়েবসাইট https://frc.gov.bd/ এর মাধ্যমে এবং প্রার্থীর ব্যক্তিগত মুঠোফোনে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা https://alljobs.query@teletalk.com.bd মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (মেইল/মেসেজ এর subject - এ organization Name: FRC, Post Name: ***, Applicant's User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

ট. ডিক্লারেশন: প্রার্থীকে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে ।

* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

সদস্য-সচিব
এফআরসি নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code